প্রথম আলো

তারিখ ... 12 NOV 2016 ... পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৮ ......

# শরীয়তপুরে আট শিক্ষার্থীকে পেটানোর ঘটনায় মামলা

শরীয়তপুর প্রতিনিধি ●

শরীয়তপুরে আট জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার্থীকে পেটানোর ঘটনায় চার ব্যক্তিকে আসামি করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেছেন সংশ্লিষ্ট বিদ্যালয়টির প্রধান শিক্ষক। বৃহস্পতিবার রাতে পালং মডেল থানায় করা এ মামলায় শামিম দেওয়ান (২২), আমীর হোসেন দেওয়ান (২২), আবুল হোসেন (২০) ও আরিফ দেওয়ানকে (২১) আসামি করা হয়। তাঁদের সবার বাড়ি সদর উপজেলার তুলাসার ইউনিয়নের দেওয়ানকান্দি গ্রামে।

বিনোদপুর পাবলিক উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবুল মিয়া মামলা করার পর বলেন, শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অপরাধীদের দ্রুত গ্রেপ্তার করতে হবে।

পালং মডেল থানার ওসি খলিলুর রহমান *প্রথম আলো*কে বলেন, অভিযুক্ত ব্যক্তিদের গ্রেপ্তারের জন্য পুলিশ অভিযানে নেমেছে।

শরীয়তপুর সদর থানা পুলিশ জানিয়েছে, বিনোদপুর পাবলিক উচ্চবিদ্যালয়ের শিক্ষার্থীরা আংগারিয়া উচ্চবিদ্যালয় কেন্দ্রে জেএসসি পরীক্ষা দিচ্ছিল। বিদ্যালয়টির এক পরীক্ষার্থীকে এক সপ্তাহ ধরে পাশের গ্রামের বখাটে তরুণ শামিম দেওয়ান উত্ত্যক্ত করতেন। বৃহস্পতিবার পরীক্ষা শেষে বাড়ি ফেরার পথে দেওয়ানকান্দি এলাকায় ইজিবাইক থামিয়ে শামিম ওই পরীক্ষার্থীর কাছে মুঠোফোন নম্বর চান। এ সময় তার সহপাঠীরা প্রতিবাদ করলে শামিম ও তাঁর পাঁচ সহযোগী সাত শিক্ষার্থীকে পিটিয়ে আহত করেন।